দৈনিক ইত্তেফাক ৭।

তারিখ 0 3 APR 1990
পৃষ্ঠা 2 কলাম ৭

## অনাবাসিক বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে—

গত ৩১শে মার্চ দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত অনাবাসিক বিশ্‌বিদ্যালয় সংক্রান্ত বক্তব্যের বিরোধিতা করিতেছি। পত্র লেখিকা হয়তো জানেন না যে, বিশ্‌বিদ্যালয়ের হলগুলি বন্ধ করিলে সংখ্যাগরিষ্ঠ আবাসিক ছাত্র-ছাত্রীদের কি করুণ পরিস্থিতি দাঁড়াইবে। জগন্নাথ কলেজের নজীর এই প্রসঙ্গে ভিত্তিহীন। কারণ একটি আন্তর্জাতিক বিশ্‌বিদ্যালয়ের সহিত কখনও অপর একটি কলেজের তুলনা হইতে পারে না। কাজেই সংখ্যাগরিষ্ঠ ছাত্র-ছাত্রীদের কথা চিন্তা করিয়াই "ঢাকা বিশ্‌বিদ্যালয়কে অনাবাসিক করা হউক"—এই দাবী সম্পূর্ণ অযৌক্তিক এবং অগ্রহণযোগ্য। আমাদের মতে, ঢাকা বিশ্‌বিদ্যালয় সন্ত্রাসমুক্ত করার জন্য প্রয়োজন সরকার, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, ছাত্র-শিক্ষক এবং অভিভাবকদের একান্ত আন্তরিক প্রচেষ্টা।

—মোঃ আসাদুজ্জামান তালুকদার ও ইশতিয়াক আহমেদ সুমন, ১৭৮/১, রায়ের বাজার, ছাতা মসজিদ লেন, ঢাকা ১২০৯।